গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বিপ্র-০৭ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.most.gov.bd

নম্বর: ৩৯.০০.০০০০.০০০.২০৭.০২.০০০৪.২৬-৭৭

তারিখ: ২৮ আষাঢ় ১৪৩৩ / ১২ জুলাই ২০২৬

# বিজ্ঞপ্তি

বিষয়: ২০২৬-২০২৭ অর্থবছরে প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক (R&D) প্রকল্পে অনুদান প্রদানের জন্য আবেদন আহ্বান।

২০২৬-২০২৭ অর্থবছরে প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক (R&D) প্রকল্পে অনুদান প্রদানের জন্য অনুমোদিত বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠান/উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানে গবেষণা প্রকল্প পরিচালনাকারী শিক্ষক/গবেষকগণ (ক) জীববিদ্যা, চিকিৎসাবিদ্যা ও পুষ্টিবিদ্যা (খ) এপ্লাইড সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (গ) ফিজিক্যাল সায়েন্স এবং (ঘ) এগ্রিকালচার এবং এনভায়রনমেন্ট-এর আওতাভুক্ত বিষয়সমূহে বিজ্ঞানী/গবেষকগণের নিকট হতে অনলাইনে **(https://grant.most.gov.bd/en/services/most/grants-application-r-and-d-project)** দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

২। **শর্তাবলি:**

(১) আবেদনকারীকে সংশ্লিষ্ট নীতিমালা ও এ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শর্ত ও নির্দেশনা আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে (নীতিমালা মন্ত্রণালয়ের ওয়েব সাইট www.most.gov.bd এ পাওয়া যাবে)।

(২) অনলাইনে আবেদন করার পূর্বে উপরের লিংকের ওয়েব পেজ থেকে প্রথমে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের Integrated Digital Service Delivery Platform (IDSDP)-এ নিবন্ধিত হতে হবে। নিবন্ধিত হওয়ার পর প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক (R&D) প্রকল্পে অনুদানের জন্য আবেদন করতে হবে। আবেদন ফরম পূরণ করার সময় আবেদনকারীর সাম্প্রতিক সময়ে তোলা ছবি, জাতীয় পরিচয়পত্রের (NID/SMART CARD) স্ক্যান কপিসহ চাহিত সকল তথ্য/দলিলাদি সংযুক্ত/আপলোড করতে হবে। আবেদনে প্রদত্ত মোবাইল নম্বরটি অবশ্যই গবেষকের জাতীয় পরিচয়পত্রের (NID/SMART CARD) এর বিপরীতে নিবন্ধিত হতে হবে।

(৩) অনুমোদিত বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠান/উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানে গবেষণা প্রকল্প পরিচালনাকারী শিক্ষক/গবেষকগণ তাঁদের গবেষণা প্রকল্পের জন্য আবেদন করবেন। এ বিজ্ঞাপন প্রকাশের তারিখ থেকে **আগামী ১০ আগস্ট ২০২৬ তারিখ বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত** আবেদন সাবমিটের জন্য লিংক সক্রিয় থাকবে।

(৪) একজন আবেদনকারী কেবলমাত্র ০১ (এক)টি প্রকল্প দাখিল করতে পারবেন। একাধিক গ্রুপের আবেদনকারীর আবেদন বাতিল বলে বিবেচিত হবে।

(৫) প্রকল্প ০১ (এক) বছরে বাস্তবায়নযোগ্য হতে হবে।

(৬) নির্ধারিত ৪টি গ্রুপ যথা- (ক) জীববিদ্যা, চিকিৎসাবিদ্যা ও পুষ্টিবিদ্যা (খ) এপ্লাইড সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (গ) ফিজিক্যাল সায়েন্স এবং (ঘ) এগ্রিকালচার এবং এনভায়রনমেন্ট বিষয়ক প্রকল্প দাখিল করা যাবে।

(৭) আবেদনকারীর সর্বনিম্ন শিক্ষাগত যোগ্যতা হবে স্নাতকোত্তর।

(৮) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় হতে প্রদেয় ২০২৬-২০২৭ অর্থবছরের অন্য কোন অনুদান গ্রহণ করা যাবে না। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের একই অর্থবছরে শুধুমাত্র একটি অনুদান কর্মসূচিতে আবেদন করা যাবে।

(৯) শিক্ষা/গবেষণা প্রতিষ্ঠানে কর্মরত গবেষকগণ অগ্রাধিকার পাবেন। ছাত্রছাত্রীগণের আবেদন গ্রহণ করা হবে না।

(১০) সরকারি প্রতিষ্ঠানের গবেষকগণ তাদের প্রতিষ্ঠান হতে দেয়া পূর্বানুমতিপত্রসহ আবেদন করবেন। বেসরকারি প্রতিষ্ঠানের গবেষকগণ তাদের প্রতিষ্ঠানের প্যাডে সুপারিশপত্র, ওয়েবসাইট, ই-মেইল ও প্রতিষ্ঠানের পূর্ণ ঠিকানাসহ আবেদন করবেন।

(১১) চূড়ান্তভাবে নির্বাচিত গবেষকগণ ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে নির্ধারিত বাক্য সম্বলিত অঙ্গীকারনামা মন্ত্রণালয়ে দাখিল করবেন। অঙ্গীকারনামা মন্ত্রণালয়ের ওয়েসবাইটে পাওয়া যাবে।

(১২) গবেষণা প্রকল্প প্রস্তাবের একটি কপি {সর্বোচ্চ ০৩ (তিন) পাতা} আবেদনপত্রের সাথে সংযুক্ত/আপলোড করতে হবে। আবেদনপত্রের সাথে দাখিলকৃত গবেষণাপত্রের ০৫ (পাঁচ)টি কপি সাক্ষাৎকার বোর্ডে দাখিল করতে হবে।

(১৩) প্রাপ্ত আবেদনসমূহ প্রাথমিকভাবে বাছাইয়ের পর মন্ত্রণালয়ের ওয়েবসাইটে তালিকা প্রকাশ করা হবে এবং উক্ত তালিকা অনুযায়ী সাক্ষাৎকার অনুষ্ঠিত হবে। সাক্ষাৎকারের সময়, তারিখ ও স্থান যথাসময়ে SMS/ওয়েবসাইট এর মাধ্যমে জানানো হবে।

৩। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় আবেদনের সময়সীমা ও শর্তাবলি পরিবর্তন বা প্রয়োজনে নতুন শর্ত আরোপ করার অধিকার সংরক্ষণ করে।

(আবেদন সংক্রান্ত কোন জিজ্ঞাসা থাকলে সংশ্লিষ্ট (https://support.most.gov.bd/en/login) সাইটে পোস্ট করা যেতে পারে অথবা সাপোর্ট নম্বরে (+880 1713-157012, +880-1796-244-480) যোগাযোগ করা যেতে পারে।

মোঃ নাজমুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫১০০৩৮৩
E-mail:st7@most.gov.bd